গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮১.২০১৬- ৫০৯

তারিখঃ .০৩.১৪২৩ বঙ্গাব্দ
২৭.০৬.২০১৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ উৎপল চৌধুরী (৪৩০৮২), প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (শিশু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহকে বতসোয়ানায় "Medical Specialist (Paediatrics)" হিসেবে চাকুরির নিমিত্ত মন্ত্রণালয়ের ১১.০২.২০১০ তারিখের পার-৪/লিয়েন-৪/২০১০-৪৬নং স্মারকে ০১(এক) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয় এবং তিনি উক্ত লিয়েন ভোগ করার জন্য গত ১৫.০২.২০১০ তারিখে ছাড়পত্র গ্রহণ করেন;

যেহেতু, তিনি মঞ্জুরিকৃত লিয়েন এবং ছুটি ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ১৬.০৯.২০১৫খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ১৫.০২.২০১৫খ্রিঃ তারিখে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ উৎপল চৌধুরী (৪৩০৮২), প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (শিশু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১৫.০২.২০১৫খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

২৮/৬/১৬
(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮১.২০১৬- ৫০৯/১(১১)

তারিখঃ ২৭.০৬.২০১৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪। উপ-সচিব (পার-৫/পার-৩),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। সিভিল সার্জন, ময়মনসিংহ।
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। উপজেলা হিসা রক্ষণ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। ডাঃ উৎপল চৌধুরী (৪৩০৮২), প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (শিশু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ (স্থায়ী ঠিকানাঃ ১৭১, কালীবাড়ি রোড, ময়মনসিংহ-২২০০)।

২৭/০৬/২০১৬
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-2015-16)\Order (NJ)\BSR-34 order.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৯.২০১৫- ৫০৮ তারিখঃ ৩০.০৬.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মোশাররফ হোসেন (৪১৪৯৩), সিনিয়র কনসালটেন্ট (সার্জারী), ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মুগদা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১০.০১.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৯.২০১৫-০৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০২.০৬.২০১৬ তারিখের ৪৫.১৪৪.০১৯.০০.০০.০২৩.২০১৩-৪৪৫নং প্রজ্ঞাপনে তাকে পুনরায় সিনিয়র কনসালটেন্ট (সার্জারী) হিসেবে ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মুগদা, ঢাকায় পদায়ন করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মোশাররফ হোসেন (৪১৪৯৩), সিনিয়র কনসালটেন্ট (সার্জারী), ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মুগদা, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

২১/০৬/১৬
(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৯.২০১৫- ৫০৮/১ (৯) তারিখঃ ৩০ .০৬.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক, ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মুগদা, ঢাকা।
৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। ডাঃ মোঃ মোশাররফ হোসেন (৪১৪৯৩), সিনিয়র কনসালটেন্ট (সার্জারী), ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মুগদা।

৩০/৬/১৬
(মোঃ আব্দুল হক)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-2015-16)\Order (NI)\Realease from Charge.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৪- ৫১৬ তারিখঃ ৮০.০৬.২০১৬ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ এ. কে. এম. জাফর উল্লাহ (৩৭৭১০), পরিচালক (ভারপ্রাপ্ত), জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা (প্রাক্তন ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, এনসিডিসি) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ১৪.১০.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৪-৭৯৩নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২২.০১.২০১৫ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ এ. কে. এম. জাফর উল্লাহ (৩৭৭১০), পরিচালক (ভারপ্রাপ্ত), জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে তাঁকে 'তিরস্কার (Censure)' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১৪- ৫১৬/১(৬) তারিখঃ ৮০.০৬.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। ডাঃ এ. কে. এম. জাফর উল্লাহ (৩৭৭১০), পরিচালক (ভারপ্রাপ্ত), জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা।

(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd